# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 17.09.2024 Time: 7.50 P.M**

## বিশেষ বিশেষ খবর –

১) কলকাতার নতুন পুলিশ কমিশনার হলেন মনোজ ভার্মা। আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের দাবি মেনে সরানো হয়েছে কলকাতা পুলিশের ডি সি নর্থ অভিষেক গুপ্তাকেও।
স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকেও সরিয়ে দেওয়া হয়েছে।

২) আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় পিজিটি চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে আজ সিবিআই-এর পেশ করা স্টেটাস রিপোর্টে সুপ্রিম কোর্ট বিচলিত।
জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার উপযুক্ত আস্থার পরিবেশ তৈরি করার জন্য রাজ্য সরকারকে ব্যবস্থা নিতে বলেছে শীর্ষ আদালত।

৩) নিম্নচাপের প্রভাবে একটানা বৃষ্টি এবং ডিভিসি-র ছাড়া জলে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। এর জেরে দক্ষিণবঙ্গের বেশকিছু এলাকা বানভাসী হওয়ার আশঙ্কা। ১০ জন আই এ এস আধিকারিককে ত্রাণ ও উদ্ধার কাজ তদারকির দায়িত্ব দেওয়া হয়েছে।

৪) পর্যটন মরশুমের শুরুতেই ধ্বস নেমে বন্ধ হয়ে গেল উত্তরবঙ্গের সেবক হয়ে সিকিমের সঙ্গে সংযোগরক্ষার ১০ নম্বর জাতীয় সড়ক।

৫) আজ বিশ্বকর্মা পুজো। বিভিন্ন কল-কারখানায় উৎসাহ – উদ্দীপনার সঙ্গে চলছে যন্ত্রের দেবতার আরাধনা।

oooooooooooooooooooo

কলকাতার নতুন পুলিশ কমিশনার হলেন মনোজ ভার্মা। আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের দাবি মেনে সরানো হয়েছে কলকাতা পুলিশের ডি সি নর্থ অভিষেক গুপ্তাকেও। ১৯৯৮ ব্যাচের আইপিএস অফিসার মনোজ ভার্মা এডিজি (আইন শৃঙ্খলা ) পদে ছিলেন। নতুন এ ডি জি (আইনশৃঙ্খলা ) হয়েছেন জাভেদ শামীম। পুলিশ কমিশনার পদ থেকে বিনীত গোয়েলকে পাঠানো হয়েছে এ ডি জি (এস টি এফ ) পদে।

মনোজ ভার্মা এর আগে কলকাতা পুলিশের অতিরিক্ত কমিশনার, ডিসি ডিডি (স্পেশাল) ও ডিসি ডিডি (ট্রাফিকের) দায়িত্বও সামলেছেন।

ডি সি নর্থ অভিষেক গুপ্তাকে করা হয়েছে (ইএফআর) সেকেন্ড ব্যাটেলিয়নের সিও। নতুন ডি সি নর্থ হয়েছেন দীপক সরকার। তিনি ছিলেন শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডিসি পূর্ব।

স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অথর্ব ত্রিপুরারি, ডিরেক্টরেট অফ ইকোনমিক অফেন্স-এর নতুন অধিকর্তা হয়েছেন। তিনি এডিজি আইবি পদে ছিলেন। এই পদের দায়িত্ব পেয়েছেন জ্ঞানবন্ত সিং।

ooooooooooooooooooooo

আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের দাবি মেনে রাজ্য সরকার স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকেও সরিয়ে দিয়েছে। নতুন ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা হয়েছেন ডাঃ স্বপন সরেন। তিনি ছিলেন যুগ্ম স্বাস্থ্য অধিকর্তা। বর্তমান স্বাস্থ্য অধিকর্তা ডাঃ দেবাশিস হালদারকে স্বাস্থ্য ভবনে জন স্বাস্থ্য বিভাগের ও এস ডি করা হয়েছে।

স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের অধিকর্তা ডাঃ সুপর্না দত্ত হয়েছেন স্বাস্থ্য শিক্ষা বিভাগের ওএসডি। বর্তমান স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা কৌস্তভ নায়েককে পাঠানো হয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যান ইন্সটিটিউটের অধিকর্তা পদে। নতুন স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা কে হবেন তা এখনও জানানো হয়নি।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় পিজিটি চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে আজ সিবিআই-এর পেশ করা স্টেটাস রিপোর্টে সুপ্রিম কোর্ট বিচলিত। স্বতঃপ্রণোদিত এই মামলার চতুর্থ শুনানির শুরুতেই, নতুন রিপোর্টটি জমা দেয় সিবিআই। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পারদিওয়ালা ও মনোজ মিশ্রের বেঞ্চ রিপোর্টটি খুঁটিয়ে দেখার পর প্রধান বিচারপতি বলেন, তাঁরা উদ্বিগ্ন। তদন্ত প্রক্রিয়া খুবই গুরুত্বপূর্ণ অবস্থায় রয়েছে। এই সময় রিপোর্টের বিষয়বস্তু প্রকাশ্যে এলে তদন্তের কাজ ব্যাহত হতে পারে। চার্জশিট জমা দিতে কতদিন সময় লাগবে তাও জানতে চান তিনি। শুনানির লাইভ স্ট্রিমিং না করার জন্য রাজ্যের তরফে আইনজীবী কপিল সিব্বালের আবেদন বেঞ্চ খারিজ করে দেন।

জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতির জেরে চিকিৎসা পরিষেবা ব্যাহত হওয়া নিয়ে রাজ্যের পক্ষ থেকে ভুল তথ্য দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন জুনিয়ার ডাক্তারদের সংগঠনের  আইনজীবী ইন্দিরা জয়সিং। তিনি জানান, চিকিৎসক তরুণীর মৃতদেহ যেখানে পাওয়া যায়, সেই অকুস্থলে এমন লোকেদের উপস্থিতি ছিল, যাদের সেখানে থাকার কথা নয়। সিবিআই-কে তারা সেই তালিকা দিতে চান। সন্দেহভাজন সেই সব ব্যক্তির কয়েকজন এখনও আর জি কর-এ ঘুরে বেড়াচ্ছে । ফলে জুনিয়ার ডাক্তাররা কাজে ফিরতে চাইলেও আতঙ্কিতবোধ করছেন। এর জবাবে কপিল সিব্বাল বলেন, জুনিয়ার ডাক্তারদের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন, কাজে যোগ দিলে কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না। সিনিয়ার ডাক্তারদের  সংগঠন  জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স-এর তরফে আইনজীবী করুণা নন্দী স্পষ্ট জানান, জুনিয়ার ডাক্তারদের আন্দোলনের প্রতি সহমর্মী সিনিয়ার ডাক্তাররা ডাবল শিফ্ট কাজ করছেন। চিকিৎসা পরিষেবা কোথাও ব্যাহত হচ্ছে না।

নিহত চিকিৎসকের বাবা-মা-র পক্ষে দাঁড়িয়েছিলেন আইনজীবী বৃন্দা গ্রোভার। নির্যাতিতার বাবার লেখা চিঠিটির উল্লেখ করেন তিনি। প্রধান বিচারপতি বলেন, চিঠিতে যেসব বিষয়ের কথা

বলা হয়েছে, সিবিআই-এর তা খতিয়ে দেখা উচিত। সিবিআই যাতে মৃতার বাবা-মা-কে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করে, সেই আবেদনও মঞ্জুর করেন বেঞ্চ।

জুনিয়ার ডাক্তারদের অবিলম্বে কাজে ফেরা নিয়ে কপিল সিব্বালের সওয়ালের প্রেক্ষিতে প্রধান বিচারপতি, তাদের আস্থা অর্জনে রাজ্য সরকারের ব্যবস্থা নেওয়ার ওপর জোর দেন। ইন্দিরা জয়সিং এই প্রসঙ্গে জুনিয়ার ডাক্তারদের নির্দিষ্ট দাবির উল্লেখ করলে প্রধান বিচারপতি বলেন, এই দাবিগুলি ন্যায় সঙ্গত। এব্যাপারে রাজ্য সরকারকে তিনি ব্যবস্থা নিতে বলেন। জুনিয়ার ডাক্তারদের কাজে যোগ দেবার কোন নির্দিষ্ট সময়সীমা স্থির করে দেয়নি সর্বোচ্চ আদালত। ইন্দিরা জয়সিং জানান, জিবি মিটিং-এ কাজে ফেরা নিয়ে সিদ্ধান্ত নেবেন জুনিয়ার ডাক্তাররা।

হাসপাতালে সুরক্ষা ব্যবস্থা নিয়ে রাজ্যের স্বাস্থ্য সচিবের পেশ করা হলফনামা প্রসঙ্গে চিকিৎসক ধর্ষণ ও খুনে এক সিভিক ভলান্টিয়ার গ্রেফতার হওয়ার পর অল্প বয়সী ডাক্তারী পড়ুয়াদের সুরক্ষায় ঠিকা কর্মীদের কাজে লাগানোর ঔচিত্য নিয়ে প্রশ্ন ওঠে। রাজ্য সরকারের রাত্তিরের সাথী প্রকল্পে মহিলাদের কাজের সময় ১২ ঘণ্টায় বেঁধে দেওয়া এবং রাতের শিফ্টে কাজ না করানোর প্রস্তাবের সমালোচনা করে প্রধান বিচারপতি বলেন, মেয়েরা কখন এবং কতক্ষণ কাজ করবেন, রাজ্য সরকার তা ঠিক করে দিতে পারে না। এর জবাবে কপিল সিব্বাল জানান, ওই বিজ্ঞপ্তি থেকে প্রস্তাব দুটি বাদ দেওয়া হবে। সুরক্ষার সব বন্দোবস্ত করতে ২ সপ্তাহ সময় লাগবে।

এদিকে, সুপ্রিম কোর্টের আজকের শুনানির প্রেক্ষিতে জুনিয়ার ডাক্তাররা আজ বিকেলে জেনারেল বডি মিটিং-এ বসেন। এই বৈঠকেই কাজে ফেরা নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে মনে করা হচ্ছে। তাদের তরফে কিঞ্জল নন্দ, ইন্দিরা জয়সিং-এর উল্লেখিত, ভীতিকর পরিস্থিতির কথা বলেন।

(বাইট – কিঞ্জল)

নির্যাতিতার বাবা বলেছেন, শীর্ষ আদালতের ওপর তাঁদের পূর্ণ আস্থা রয়েছে।

(বাইট – বাবা)

oooooooooooooooooooooo

আর জি কর-এ চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং টালা থানার তৎকালীন ওসি অভিজিৎ মন্ডলকে শিয়ালদা আদালত আরও তিনদিনের জন্য সিবিআই হেফাজতে পাঠিয়েছে। জেরায় তারা সদুত্তর দিচ্ছেন না বলে কেন্দ্রীয় সংস্থার পক্ষ থেকে জানানো হয়। চিকিৎসক ছাত্রীর দেহ উদ্ধারের দিন গত ৯-ই আগস্ট সন্দীপ ও অভিজিতের মধ্যে মোবাইলে বারবার কথা হয়েছিল বলেও জানান সিবিআই-এর আইনজীবী। এরপরই তাদের আরও তিনদিনের জন্য হেফাজতে চেয়ে তাঁর আবেদন মঞ্জুর করে আদালত।

অন্যদিকে, টালা থানার অতিরিক্ত ওসিকে আজ সিজিও কমপ্লেক্সে তলব করা হয়। দীর্ঘক্ষণ তাঁকে জিজ্ঞাসাবাদ করেন সিবিআই-এর তদন্তকারীরা।

oooooooooooooooooooooo

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে আর্থিক দুর্নীতির তদন্তে ইডি আজ সকালে রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান, শাসক দলের প্রভাবশালী চিকিৎসক নেতা সুদীপ্ত রায়ের সিঁথির বাড়ি ও নার্সিং হোম সহ ৬-টি জায়গায় হানা দেয়। শ্রীরামপুরের বিধায়ক সুদীপ্তর হুগলীর দাদপুরে বাংলোতেও তল্লাশি চালায় কেন্দ্রীয় সংস্থার একটি দল। বালিগঞ্জ সার্কুলার রোডে এক ব্যবসায়ীর বাড়ি ও অফিস এবং বালিগঞ্জে চিকিৎসা সরঞ্জাম সরবরাহকারী একটি সংস্থার অফিসেও চলে তল্লাশি।

আই এম এ-র রাজ্য শাখা, আর জি কর কান্ডে ধৃত প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের মেডিকেল রেজিস্ট্রেশন অবিলম্বে বাতিল করার দাবি জানিয়ে রাজ্য মেডিকেল কাউন্সিলের সভাপতি ডাক্তার সুদীপ্ত রায়কে চিঠি দিয়েছে। চিঠিতে বলা হয়েছে, সন্দীপ ঘোষের রেজিস্ট্রেশন কেন বাতিল করা হবে না, তিনদিনের মধ্যে তা জানানোর জন্য শোকজ নোটিশ দিয়েছিল কাউন্সিল। কিন্তু এখনও পর্যন্ত তিনি কোন জবাব দেননি। সমগ্র চিকিৎসক মহল জানতে চায়, এরপরেও তাঁর রেজিস্ট্রেশন বাতিল করা হলো না কেন ?

oooooooooooooooooooooooo

বিজেপি, বিনীত গোয়েলকে গ্রেপ্তারের দাবী জানিয়েছে। নন্দীগ্রামে আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিনীত গোয়েলকে সিবিআই হেফাজতে নিয়ে তদন্ত করারও দাবি জানিয়েছেন। তিনি অভিযোগ করেন,মুখ্যমন্ত্রী কলকাতার পুলিশ কমিশনার, রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা এবং স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকে তাদের সমমর্যাদা অথবা তার চেয়ে উচ্চতর মর্যাদায় বদলি করেছেন। এই তিনজনকে কোন শাস্তির বদলি করা হয়নি। মুখ্যমন্ত্রী তাদের শাস্তি দেওয়ার পরিবর্তে পুরস্কার দিয়েছেন।

oooooooooooooooooooooooooo

নিম্নচাপের প্রভাবে একটানা বৃষ্টি এবং ডিভিসি-র ছাড়া জলে রাজ্যের একাধিক জেলায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে। ডিভিসি গত ৭ ঘণ্টায় মাইথন ও পাঞ্চেত বাঁধ থেকে জল ছেড়েছে প্রায় ৩ লক্ষ কিউসেক হারে। এর জেরে দক্ষিণবঙ্গের বেশকিছু এলাকা বানভাসী হওয়ার আশঙ্কা।

মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় আজ নবান্নে সাংবাদিকদের জানান, হাওড়া, হুগলী, বীরভূম, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া ও দুই বর্ধমান জেলার প্লাবিত এলাকায় ত্রাণ ও উদ্ধারের কাজে নজরদারি এবং সমন্বয়ের দায়িত্ব দেওয়া হয়েছে প্রধান সচিব পর্যায়ের ১০ জন আই এ এস আধিকারিককে। জেলায় গিয়ে পরিস্থিতি মোকাবিলা করবেন তারা। পরিস্থিতি পর্যালোচনা করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। নিচু এলাকাগুলি থেকে মানুষজনকে সরিয়ে আনতে বলা হয়েছে। প্রস্তুত থাকতে বলা হয়েছে জেলাশাসকদের।

এদিকে, বেলা ১১-টার পর  মাইথন জলাধার থেকে জল ছাড়ার পরিমাণ কমানো হয়েছে। বাড়ানো হয়েছে, পাঞ্চেত থেকে জল ছাড়ার পরিমাণ। মাইথন থেকে এখন ১ লক্ষ ৬০ হাজার এবং পাঞ্চেত থেকে ৯০ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে।

দুর্গাপুর ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ানো হয়েছে। বর্তমানে ছাড়া হচ্ছে ১ লক্ষ ৯৬ হাজার কিউসেক জল।

oooooooooooooooooooooo

পর্যটন মরশুমের শুরুতেই ধ্বস নেমে বন্ধ হয়ে গেল উত্তরবঙ্গের সেবক হয়ে সিকিমের সঙ্গে সংযোগরক্ষার ১০ নম্বর জাতীয় সড়ক। কান্দুং বনবস্তি লাগোয়া

শ্বেতীঝোরায় ব্যাপক ধস নামায় ওই পথে যান চলাচলা বন্ধ করে দেওয়া হয়। পূর্ত দফতরের ইঞ্জিনিয়াররা ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখেছেন।

oooooooooooooooooo

আজ বিশ্বকর্মা পুজো। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সাড়ম্বরে গোটা রাজ্যে কলকারখানা সহ নানা প্রতিষ্ঠানে যন্ত্রের দেবতা বিশ্বকর্মা পূজোর আয়োজন করা হয়েছে। ভাদ্র মাসের সংক্রান্তিতে শুক্লপক্ষে এই পুজো অনুষ্ঠিত হয়।

oooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooo